# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-ব.পা.অ./প্রঃ ১/৫২/২০১৩/ তারিখঃ ৩০/০৯/২০১৩খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নোক্ত শূন্য পদ অস্থায়ীভাবে পূরণের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ৫৫০০-১২০৯৫/- | ০২(দুই)টি | (ক) এইচ.এস.সি পাস।<br>(খ) বাংলা ও ইংরেজি শ্রুতিলিখনে ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যূনতম গতি যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | সকল জেলা |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ৫২০০-১১২৩৫/- | ০১(এক)টি | (ক) এইচ.এস.সি পাস।<br>(খ) বাংলা ও ইংরেজি শ্রুতিলিখনে ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যূনতম গতি যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | -ঐ- |
| ৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেলঃ ৪৭০০-৯৭৪৫/- | ৪৮ (আটচল্লিশ)টি | (ক) এইচ.এস.সি পাস বা সমমানের পরীক্ষা পাস।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৮ শব্দ থাকতে হবে। | -ঐ- |
| ৪। | এসিসট্যান্ট একাউনট্যান্ট<br>বেতন স্কেলঃ ৪৭০০-৯৭৪৫/- | ০৪(চার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক পাস বা সমমানের পরীক্ষায় পাস।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। | -ঐ- |

**শর্তাবলীঃ**

১। সাদা কাগজে স্বহস্তে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ৩০/১০/২০১৩ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলার নাম ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আগামী ৩০/১০/২০১৩খ্রিঃ তারিখের মধ্যে "মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭" বরাবরে ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। উল্লেখিত তারিখের পর বা হাতে হাতে কোন আবেদনপত্র গৃহিত হবে না।
২। আবেদনকারীর বয়স ৩০/১০/২০১৩খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর।
৩। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বিদ্যমান সরকারি কোটানীতি অনুসরণ করা হবে। তবে যে কোন জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের আবেদন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের প্রধান কার্যালয় অথবা সংশ্লিষ্ট জেলা আনসার কমান্ডার এর মাধ্যমে প্রেরণ করতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান/পোষ্যদের মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/প্রত্যয়নপত্রসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হতে হবে এবং পোষ্যেদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।
৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র; প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; শিক্ষাগত যোগ্যতা, কারিগরী যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজ ও ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজ ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামের সীলসহ) কর্তৃক সত্যায়ন করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার "নামের সীল"-সহ সত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৬। আবেদনপত্রের সহিত "মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭" বরাবরে কোড নং ১-২২৭৫-০০০০-২০৩১তে ১৫০ (একশত পঞ্চাশ) টাকা জমার ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।
৭। খামের উপর বামদিকে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে এবং প্রার্থীর নিজ ঠিকানা উল্লেখপূর্বক প্রতিটি খামে ৬(ছয়) টাকা মূল্যের ডাকটিকেটযুক্ত ০৩(তিন)টি "ফেরত খাম" আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৮। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৯। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১০। কর্তৃপক্ষ নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারেন।
১১। নিয়োগ পরীক্ষার জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

**রোজী খন্দকার**
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি

জিডি-৩৬৮৩

---

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
রেড ক্রিসেন্ট-বোরাক টাওয়ার (লেভেল ২-৬ ও ৮)
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, প্রধান কার্যালয়, ইস্কাটন, ঢাকা-১০০০

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার | গ্যাস জাতীয় সম্পদ এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন | শিল্পে প্রাকৃতিক গ্যাস গৃহস্থালীতে বিকল্প জ্বালানি

সূত্র নং-জিটিসিএল/এইচআর/আরটি-১০.০১/৯২ তারিখঃ ৩০-০৯-২০১৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এ নিম্নবর্ণিত শূন্যপদে লোকবল নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন-স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (মেডিকেল অফিসার) | ৳ ১১,০০০-২০,৩৭০/- | ০১ | এমবিবিএস। তবে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে। |
| ২। | মেডিকেল সহকারী-পুরুষ (চুক্তিভিত্তিক) | গ্রেড-১২<br>সাকুল্যে বেতন ৳ ১০,২৯০/- | ০১ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ডিপ্লোমা পাস। |
| ৩। | মেডিক্যাল সহকারী-মহিলা (চুক্তিভিত্তিক) | গ্রেড-১২<br>সাকুল্যে বেতন ৳ ১০,২৯০/- | ০১ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ডিপ্লোমা পাস। |

**অন্যান্য শর্তাবলীঃ**

১। আগ্রহী প্রার্থীদের A-4 সাইজ সাদা কাগজে বাংলায় মুদ্রিত দরখাস্ত করতে হবে। দরখাস্তে (১) পদের নাম, (২) প্রার্থীর পূর্ণ নাম (বাংলা বড় অক্ষরে), (৩) পিতা/স্বামীর নাম, (৪) মাতার নাম, (৫) বর্তমান/যোগাযোগের ঠিকানা, (৬) স্থায়ী ঠিকানা, (৭) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিভাগ/শ্রেণী/সিজিপিএ ও পাসের সন), (৮) জন্ম তারিখ, (৯) ৩১/১০/২০১৩ তারিখে প্রার্থীর বয়স, (১০) নিজ জেলা, (১১) জাতীয়তা, (১২) ধর্ম, (১৩) জাতীয় পরিচয়পত্রের নম্বর (যদি থাকে), (১৪) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), (১৫) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে, তা উল্লেখ করতে হবে।
২। প্রার্থীর বয়স ৩১/১০/২০১৩ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। বয়স সংক্রান্তে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৩। **দরখাস্তের সাথে আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ**
(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেট-এর কপি (সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে);
(খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট;
(গ) প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে);
(ঘ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;
৪। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অবশ্যই দরখাস্তের সাথে দাখিল করতে হবে।
৫। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীর পিতা/মাতা এবং পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ-৭.১১.২০১০ মোতাবেক যাদের নাম মুক্তিবার্তা পত্রিকায় প্রকাশিত হয়েছিল; অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছিল; অথবা যারা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বাক্ষরযুক্ত সনদপত্র (Certificate) গ্রহণ করেছেন। এক্ষেত্রে প্রমাণক হিসেবে উহার সত্যায়িত কপি এবং চাকুরীপ্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে।
৭। উপজাতীয় প্রার্থীর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতীয় বিষয়ক সার্টিফিকেটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৯। চাকুরীপ্রার্থীকে আবেদনপত্রের সাথে "গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড" এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে সহকারী ব্যবস্থাপক (মেডিকেল অফিসার) পদের জন্য ৳২০০.০০ (দুইশত) এবং মেডিকেল সহকারী (চুক্তিভিত্তিক) পদের জন্য ৳১০০.০০ (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংকের নাম ও শাখার নাম দরখাস্তে উল্লেখ করতে হবে।
১০। নিয়োগ বিজ্ঞপ্তি শর্তানুযায়ী দরখাস্ত বাছাইয়ে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
১১। প্রাথমিকভাবে নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।
১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১৩। খামের উপর প্রার্থীর নিজের নাম ও ঠিকানা এবং প্রার্থীত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
১৪। দরখাস্ত আগামী ৩১/১০/২০১৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে "মহাব্যবস্থাপক (এইচআর), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), রেড ক্রিসেন্ট-বোরাক টাওয়ার (লেভেল-৫), ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০" ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে।
১৫। অসম্পূর্ণ বা ভুল তথ্যপূর্ণ দরখাস্ত বা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। পরবর্তীতে এ বিষয়ে প্রার্থীর কোন প্রকার আবেদন-নিবেদন বা যোগাযোগ গ্রহণযোগ্য হবে না।
১৬। কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জিটিপিআর-১৬/১৩-১৪
জিডি-৩৬৮৪ -কর্তৃপক্ষ

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নং-এইচইডি/তালিকাভুক্তি নবায়ন-৯০০/২০১৩/২৩০৫ তারিখঃ ০২/১০/১৩

## এইচইডি'র তালিকাভুক্তি নবায়নের সংশোধিত বিজ্ঞপ্তি

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর অস্থায়ীভাবে তালিকাভুক্ত ঠিকাপ্রতিষ্ঠানসমূহের চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ৳. ২০০০.০০ টাকা (দুই হাজার টাকা) জমা করণের জন্য অত্র কার্যালয়ের বিজ্ঞপ্তি নং-এইচইডি/তালিকাভুক্তি নবায়ন-৯০০/২০১৩/১৯৮৫, তারিখঃ ০১/০৯/২০১৩ এ উল্লেখিত কোড নং-১-২৭১৭-০০০০-২৩৬৬ এর পরিবর্তে অনিবার্য কারণে কোড নং-১-২৭০১-০০১০-২৬৮১ খাতে জমা করার জন্য সংশ্লিষ্ট সকল ঠিকাপ্রতিষ্ঠানসমূহের স্বত্বাধিকারী/মালিকগণকে অনুরোধ করা যাচ্ছে। প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

**মোঃ মঈদুল ইসলাম**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিএন্ডএ
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা

জিডি-৩৭২৬

---

# Military Engineer Services

Directorate of Works & Chief Engineer (Army)

## Invitation for Tenders

| | | | |
|---|---|---|---|
| 1. | Ministry/Division | : | Ministry of Defence. |
| 2. | Agency | : | Military Engineer Services. |
| 3. | Procuring entity name | : | DW & CE (Army), Dhaka Cantt. |
| 4. | Tender name | : | Construction of AHQ Multipurpose Complex including ancillary works for Sta HQ at Dhaka Cantt (3rd Phase) (GP-II). |
| 5. | Invitation for tender No. | : | 05 of 2013-2014/E-6 Dated 26 September 2013. |
| 6. | Procurement method | : | Open Tendering Method. |
| 7. | Source of funds | : | GoB. |
| 8. | Tender publication date | : | 05 October 2013. |
| 9. | Tender last selling date | : | 03 November 2013 up to 1430 hours. |
| 10. | Tender submission date & time | : | 04 November 2013, 1200 hours. |
| 11. | Tender opening date & time | : | 04 November 2013, 1230 hours. |
| 12. | Name & address of the office(s) | | |
| | - Selling tender documents | : | a. Tender Selling & Information Centre of DW & CE(A) at GE (A) Project, Dhaka Cantt.<br>b. DW & CE (Army), Dhaka Cantt. |
| | -Receiving tender documents | : | Tender Selling & Information Centre of DW & CE(A) at GE (A) Project, Dhaka Cantt. |
| | - Opening tender documents | : | Tender Selling & Information Centre of DW & CE(A) at GE (A) Project, Dhaka Cantt. |
| 13. | Place/date/time of pre-tender meeting | : | Tender Selling & Information Centre of DW & CE(A) at GE(A) Project, Dhaka Cantt, 03 November 2013, 1000-1100 hours. |
| 14. | Eligibility of tenderer | : | a. Contractors enlisted in MES class 'A'.<br>b. Contractors enlisted in other govt/semi-govt/autonomous organizations in similar capacity having necessary security clearance. |
| 15. | Price of tender document | : | Tk. 7,000/- (non-refundable). |
| 16. | Amount of tender security | : | Tk. 14,60,000/- |
| 17. | Time of completion of wks | : | 06 (six) months. |
| 18. | Contact details | : | Phone: 8871234, Extn. 2678<br>Fax: (02) 8752684<br>Website: www.army.mil.bd |
| 19. | Special instructions | : | a. Tenderer shall submit copy of letter of valid enlistment & security clearance with application on company letterhead when purchasing tender.<br>b. Detailed requirements are mentioned in Tender Data Sheet of tender documents.<br>c. The procuring entity reserves the right to accept or reject all tenders. |

ISPR/Army/2013/2099 **DW&CE (Army)**
GD-3724 Dhaka Cantt

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং-এবাএখা/পার/জঃ নিঃ/১-১০/২১০/২০১০/২১০৮ তারিখঃ ৩০-০৯-২০১৩খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন একটি বাড়ি একটি খামার (২য় সংশোধিত) প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত পদসমূহে সাকুল্য বেতনে প্রকল্প সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে **নিয়োগ ও প্যানেল** তৈরির নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম, পদের সংখ্যা সাকুল্য বেতন ও বেতন গ্রেড | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্য |
|---|---|---|
| ১। | অ্যাসিস্ট্যান্ট সিস্টেম অ্যানালিস্ট<br>পদের সংখ্যা-১<br>সাকুল্য বেতন-২৯৩৭৫/-<br>বেতন গ্রেড-৬ | -Master Degree in Computer Sciences/Engineering with 4 years experience as Programmer.<br>-The candidate should have knowledge on programme design, web page design, data entry design with professional exposure in Visual Basic, SQL/Oracle/C++ programming languages.<br>-The candidate should have Associate Membership of a Computer Society and pass aptitude test on programming. |
| ২। | সহকারী প্রকল্প পরিচালক<br>পদের সংখ্যা-৬<br>সাকুল্য বেতন-১৮২০০/-<br>বেতন গ্রেড-৯ | - Should have at least second class 4 years (Hons) Degree or Master Degree in any discipline.<br>- Candidate having experience in rural development programme/project will get preference. |
| ৩। | সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার<br>পদের সংখ্যা-১<br>সাকুল্য বেতন-১৮২০০/-<br>বেতন গ্রেড-৯ | - Bachelor degree in Computer Sciences/Engineering with knowledge in programme design, web page design, and data entry design.<br>- The candidate should have Associate Membership of a Computer Society and pass aptitude test on programming. |
| ৪। | জেলা সমন্বয়কারী **(পুনঃ বিজ্ঞপ্তি)**<br>পদের সংখ্যা-৬৪<br>সাকুল্য বেতন-১৬৫০০/-<br>বেতন গ্রেড-৯ | - Should have at least second class 4 years (Hons) Degree or Master Degree in any discipline.<br>- Candidate having experience in rural development programme/project will get preference. |
| ৫। | হিসাবরক্ষক<br>পদের সংখ্যা-১<br>সাকুল্য বেতন-১১০৯০/-<br>বেতন গ্রেড-১১ | Minimum 2nd class Bachelor Degree in Accounting/BBA with 2 years experience in the relevant field. |
| ৬। | হিসাব সহকারী<br>পদের সংখ্যা-১<br>সাকুল্য বেতন-১০২৯০/-<br>বেতন গ্রেড-১২ | - Commerce Graduate.<br>- The candidate having experience in related works will get preference. |
| ৭। | ডাটা এন্ট্রি আপারেটর<br>পদের সংখ্যা-৪<br>সাকুল্য বেতন-১০২৯০/-<br>বেতন গ্রেড-১২ | - Graduate in any discipline (Science Graduate will get preference).<br>- Skill in computer operation (Bangla and English), MS Office (MS Word, MS Excel, MS Access).<br>- Experienced candidate will get preference. |
| ৮। | ফিল্ড সুপারভাইজার<br>পদের সংখ্যা-৩০<br>সাকুল্য বেতন-৯৪০৫/-<br>বেতন গ্রেড-১২ | - Graduate in any discipline.<br>- Experienced candidate get preference.<br>- **ফিল্ড সুপারভাইজার পদে শুধুমাত্র সিলেট, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ৯। | কম্পিউটার আপারেটর কাম হিসাব সহকারী<br>পদের সংখ্যা-৮৮<br>সাকুল্যে বেতন-৮৮৫০/-<br>বেতন গ্রেড-১৩ | - Graduate in any discipline (Commerce Graduate will get prefernce).<br>- Skill in computer operation (Bangla and English), MS Office (MS Word, MS Excel, MS Access).<br>- Experienced candidate will get preference.<br>- **কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী পদে শুধুমাত্র সিলেট, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ১০। | ড্রাইভার<br>পদের সংখ্যা-২<br>সাকুল্য বেতন-৮৬০৫/-<br>বেতন গ্রেড-১৬ | Class VIII passed with valid driving license and 5 years experience. |
| ১১। | এমএলএসএস/নাইট গার্ড<br>পদের সংখ্যা-৫৪৯<br>সাকুল্য বেতন-৭২০০/-<br>বেতন গ্রেড-২০ | - At least SSC.<br>- The candidate having experience in related works will get preference. |

**শর্তাবলীঃ**

১। আবেদনকারীকে বাংলায় নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ২৪ অক্টোবর, ২০১৩ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক সাদা কাগজে নিজ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র দাখিল করতে হবে।
২। অ্যাসিস্ট্যান্ট সিস্টেম অ্যানালিস্ট পদে প্রার্থীদের ক্ষেত্রে ২৪ অক্টোবর, ২০১৩ তারিখে বয়স ২৭ হতে ৩৫ বছরের মধ্যে হতে হবে। অ্যাসিস্ট্যান্ট সিস্টেম অ্যানালিস্ট ব্যতীত অন্যান্য পদের সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৪ অক্টোবর, ২০১৩ তারিখে বয়স ২১ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
৩। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্য হলে প্রার্থীদের ক্ষেত্রে ২৪ অক্টোবর, ২০১৩ তারিখে বয়স ৩২ বছর।
৪। আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী হলে প্রার্থীদের ক্ষেত্রে ২৪ অক্টোবর, ২০১৩ তারিখে বয়স ৩২ বছর।
৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা বা অন্যান্য কোটার সুবিধা নিতে চাইলে উপযুক্ত কর্তৃপক্ষের সনদ সংযুক্ত করতে হবে।
৬। **সরকারের যে কোন উন্নয়ন প্রকল্পে কর্মরতদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। তবে তাদের আবেদন উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে।**
৭। বয়সের ক্ষেত্রে কোন প্রকার অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৮। আবেদনপত্রের সাথে (ক) বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (গ) সদ্য তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ৪(চার) কপি সত্যায়িত ছবি (ঘ) প্রার্থীর স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/সিটি করপোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্রের মূলকপি এবং (চ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। **তাছাড়া সকল ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সিল থাকতে হবে।**
৯। **আবেদনপত্রসহ সংযোজিত সকল কাগজপত্র A4 (8.27"x11.69") সাইজের কাগজে দাখিল করতে হবে।**
১০। খামের উপর প্রার্থীত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
১১। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান ও সরকারি নীতিমালা/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
১২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, তবে মূল আবেদনপত্র নির্ধারিত তারিখ অর্থাৎ ২৪ অক্টোবর, ২০১৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।
১৩। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।
১৪। আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে পরবর্তীতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৫। সঠিক ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ নিশ্চিত করার স্বার্থে প্রার্থী কর্তৃক তার বর্তমান ঠিকানা (Mailing Address) ও ৫ (পাঁচ) টাকার ডাকটিকেট সম্বলিত একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করে দিতে হবে।
১৬। আবেদনপত্রের সাথে ১-৪ ক্রমিকের পদসমূহের জন্য **"একটি বাড়ি একটি খামার প্রকল্প"** এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা এবং ৫-১১ ক্রমিকের পদসমূহের জন্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
১৭। **ক্রমিক নং- ৮, ৯ এবং ১১-তে বর্ণিত ফিল্ড সুপারভাইজার, কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী এবং এমএলএসএস/নাইট গার্ড পদে সিটি কর্পোরেশন এলাকায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।**
১৮। পরীক্ষার স্থান, তারিখ ও সময় ইন্টারভিউ কার্ড প্রেরণের মাধ্যমে অবহিত করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৯। আবেদনকারীকে উল্লিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে আগামী ২৪ অক্টোবর, ২০১৩ তারিখ অফিস চলাকালীন প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে সকল কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
২০। নিয়োগকালীন জনস্বার্থে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগকৃত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
২১। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
২২। নিয়োগ সংক্রান্ত/প্রকল্প সংশ্লিষ্ট যে কোন তথ্য প্রকল্পের ওয়েবসাইট www.ebek-rdcd.gov.bd -তে পাওয়া যাবে।

**প্রকল্প পরিচালক**
একটি বাড়ি একটি খামার প্রকল্প

জিডি-৩৬৯৫